# প্রেস বিজ্ঞপ্তি

# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

# বিভিন্ন অপরাধে ৪৬টি প্রতিষ্ঠানকে ৩.০১ লক্ষ টাকা জরিমানা

**২৩ আগস্ট ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রংপুর, বগুড়া, ঝিনাইদহ, নওগাঁ, চাঁদপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা, নীলফামারী, খুলনা, পিরোজপুর এবং গাইবান্ধায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর সবুজবাগ এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হারুন হোটেল এন্ড রেস্টুরেন্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ইয়ং স্টার মিনি চাইনিজ এন্ড রেস্টুরেন্ট ও Broccoli গার্ডেন রেস্টুরেন্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে প্যারামাউন্ট কনফেকশনারী এন্ড ফাস্ট ফুডকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মনসুর হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমিনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩২,০০০/- (বত্রিশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৮০০/- (পাঁচ হাজার আটশত)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর বদলগাছি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের শাহরাস্তি উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান-আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর পীরগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,০৬,০০০/- (এক লক্ষ ছয় হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, নীলফামারী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে নীলফামারীর জলঢাকা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা এবং গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকাসহ মোট **২,৫৩,৩০০/- (দুই লক্ষ তিপ্পান্ন হাজার তিনশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, অপরাধ পুনঃসংঘটন এবং অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানোর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে পাকশী রিসোর্ট রেস্টুরেন্ট এন্ড পার্ককে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৩টি** বাজার তদারকি ও **১টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৬টি** প্রতিষ্ঠানকে মোট **৩,০১,৩০০/- (তিন লক্ষ এক হাজার তিনশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ১ জন অভিযোগকারীকে মং **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, রংপুর, বগুড়া, ঝিনাইদহ, নওগাঁ, চাঁদপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা, নীলফামারী, খুলনা, পিরোজপুর এবং গাইবান্ধা।
৭। পুলিশ সুপার, ঢাকা, রংপুর, বগুড়া, ঝিনাইদহ, নওগাঁ, চাঁদপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা, নীলফামারী, খুলনা, পিরোজপুর এবং গাইবান্ধা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।